

Ex/UG/CL/CBCS/Core/4.2A/2023

BACHELOR OF ARTS EXAMINATION, 2023

(2nd Year, 4th Semester)

COMPARATIVE LITERATURE

Course – UG/CL/CBCS/Core/4.2A

(সাহিত্যিক প্রতিগ্রহণ ও বাংলা সাহিত্য-১)

Full Marks: 30

Time: Two Hours

প্রশ্নগুলি সমমানের।

কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায়

সকল প্রশ্নের উত্তর লেখ।

১। ক) রবীন্দ্রনাথের *গীতাঞ্জলি* পর্বে উপনিষদের প্রতিগ্রহণ কীভাবে ঘটেছে তোমার পাঠ্য কবিতাগুলির নির্ভরে আলোচনা করো।

অথবা,

খ) আঙ্গিক যাই হোক না কেন ভাবের দিক থেকে চর্যার গান, রবীন্দ্রনাথের *চণ্ডালিকা* এবং হরপ্রসাদ শাস্ত্রীর *কাঞ্চনমালা* 'বুদ্ধ' বা প্রকৃত জ্ঞানলাভের বিষয়সূত্রে গাঁথা। এ বিষয়ে তোমার মতামত উপযুক্ত দৃষ্টান্তসহ জানাও।

২। ক) ভক্তিবাদী আন্দোলনের ধারায় কৃষ্ণবাসের রাম কতখানি ভক্তের ভগবান হয়ে উঠতে পেরেছেন? উপযুক্ত দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা,

খ) দীনেশচন্দ্র সেন *চন্দ্রাবতী রামায়ণ*-কে 'কাব্য' ঐতিহ্যের ভিতরে স্থান না দিয়ে 'লোক' ঐতিহ্যের মধ্যে স্থান দিচ্ছেন। প্রতিগ্রহণ তত্ত্বের সাহায্য নিয়ে তাঁর এই অবস্থানের মূল্যায়ন করো।

৩। ক) গৌড়ীয় বৈষ্ণব পদাবলীতে কৃষ্ণচরিত্রের যে পরিকল্পনা, শ্রীকৃষ্ণকীর্তনের কৃষ্ণ তার চেয়ে কীভাবে পৃথক? যুক্তিসহ ও প্রয়োজনীয় উদাহরণ সহযোগে আলোচনা করো।

অথবা,

খ) গৌরচন্দ্রিকার পদে যেহেতু এক নারীচরিত্রের অবস্থান ও দৃষ্টিকোণ আরোপিত হয় তথাকথিত এক পুরুষের সত্তায়, তাহলে কি এজাতীয় পদে বি-সমকামী অভিব্যক্তির দৃষ্টান্ত পাওয়া সম্ভব? উদাহরণসহ আলোচনা করো।